

আমরা কীভাবে সাহায্য করে থাকি

বৈষম্যমূলক আচরণের বিষয়ে রিপোর্ট করুন

আপনি যদি নিউ ইয়র্ক সিটিতে কোনো বৈষম্যমূলক আচরণের বা হয়রানির শিকার হন বা চাক্ষুয় দেখেন, তবে আপনি **212-416-0197** নম্বরে কল করে বা **NYC.gov/HumanRights** ভিজিট করে রিপোর্ট ডিসক্রিমিনেশান ফর্ম ব্যবহার করে সে বিষয়ে রিপোর্ট করতে পারেন।

একটি বিনামূল্যের কর্মশালার অনুরোধ করুন

কমিশনের কর্মশালাগুলোর একটি পূর্ণাঙ্গ তালিকা **NYC.gov/HumanRights**-এ পাওয়া যাবে। কমিশন আপনার দর্শকদের চাহিদা অনুযায়ী কর্মশালাটি উপযোগী করতে পারে এবং উপস্থিত হতে কোনো কর্মক্ষেত্রে, উপাসনালয়ে, কমিউনিটি-ভিত্তিক প্রতিষ্ঠানে, কমিউনিটি বোর্ডে বা নিউ ইয়র্ক সিটির অন্য কোনো জনসমাগমস্থলে আসতে পারবে। কোনো কর্মশালার সময়সূচী নির্ধারণ করতে আমাদেরকে **trainings@cchr.nyc.gov** ঠিকানায় ইমেইল করুন।

আপনার অনুষ্ঠানে কথা বলার জন্য কমিশনকে আমন্ত্রণ জানান

আপনার কোন অনুষ্ঠানে কথা বলতে অথবা প্যানেল বা গোলটেবিল বৈঠকে বৈষম্যমূলক আচরণ, হয়রানি, কর্মক্ষেত্রে অধিকার, আবাসনের অধিকার এবং কমিউনিটির আলোচনার উপর জোর দেওয়ার ব্যাপারে আলোচনায় অংশগ্রহণ করতে কমিশনের সদস্যকে অনুরোধ করতে পারেন। কোনো বক্তার ব্যাপারে অনুরোধ করতে আমাদেরকে **policy@cchr.nyc.gov** ঠিকানায় ইমেইল করুন।

কমিশনের লিখিত বর্ণনা সংগ্রহ করুন

নিউ ইয়র্ক সিটি মানবাধিকার আইনের উপকরণ একাধিক ভাষায় ডাউনলোড করুন বা এগুলোর অনুরোধ করুন **NYC.gov/HumanRights** ভিজিট করে বা **communications@cchr.nyc.gov**-এর মাধ্যমে আমাদের সাথে যোগাযোগ করে।

আমাদের সাথে যোগাযোগ করুন

কল করুন: **212-416-0197**

ভিজিট করুন: **NYC.gov/HumanRights**

NYC মানবাধিকার
কমিশন



NYC মানবাধিকার
কমিশন

f t @ v M ln
@NYCCHR

বৈষম্যমূলক আচরণের বিরুদ্ধে
লড়াই ১৯৫৫ সাল থেকে

আমরা কে?



NYC মানবাধিকার কমিশন

এই কমিশন নিউ ইয়র্ক সিটি মানবাধিকার আইন বাস্তবায়ন করে এবং আইন সম্পর্কে জনগণকে সচেতন করে। আমাদের টিম ৩০টিরও বেশি ভাষায় কথা বলে। স্থানীয় সরকারের একটি সংস্থান হওয়ার ভিত্তিতে এটি কমিশনের ভিশন ও মিশনকে প্রতিফলিত করে যা, এজেন্সি কর্তৃক সেবাদান করা বিভিন্ন ধরনের কমিউনিটির প্রতিনিধিত্বশীল এবং অভিজগম্য। আমাদের টিম ৩০টিরও বেশি ভাষায় কথা বলে। স্থানীয় সরকারের একটি সংস্থান হওয়ার ভিত্তিতে এটি কমিশনের ভিশন ও মিশনকে প্রতিফলিত করে যা, এজেন্সি কর্তৃক সেবাদান করা বিভিন্ন ধরনের কমিউনিটির প্রতিনিধিত্বশীল এবং অভিজগম্য।

আইনটি কী?



নিউ ইয়র্ক সিটি মানবাধিকার আইন

নিউ ইয়র্ক সিটির মানবাধিকার আইন হলো সমগ্র দেশের মধ্যে অন্যতম সমন্বিত নাগরিক অধিকারের আইন। এই আইনটি কর্মক্ষেত্রে, বাসায় এবং জনসমাগমস্থলে অনেকগুলো সুরক্ষিত শ্রেণীর উপর ভিত্তি করে যেমন, জাতি, লিঙ্গ, বয়স, প্রতিবন্ধীত্ব, ধর্ম, জাতিগত উৎস এবং আরো অনেক ধরনের বৈষম্যমূলক আচরণ ও হয়রানিকে নিষিদ্ধ করে। এই আইনটির মাধ্যমেও আইন প্রয়োগকারী দ্বারা বৈষম্যমূলক হয়রানি ও পক্ষপাত-ভিত্তিক প্রোফাইল তৈরি করাও নিষিদ্ধ করে।

আপনি যদি নিউ ইয়র্ক সিটিতে বাস করেন, কাজ করেন বা ভ্রমণ করতে আসেন, তবে নিউ ইয়র্ক সিটি মানবাধিকার আইন আপনাকে বৈষম্যমূলক আচরণের শিকার হওয়া থেকে সুরক্ষা দেবে। আপনি যদি বৈষম্য বিষয়ক কোনো ঘটনা রিপোর্ট করার কারণে প্রতিশোধের শিকার হন, সে ক্ষেত্রেও আইনটি আপনাকে সুরক্ষা দেবে। কমিশন আপনাকে আপনার অভিযাচনগত অবস্থা সম্পর্কে জিজ্ঞেস করবে না। আপনার অধিকার সম্পর্কে এখান থেকে আরও জানুন: NYC.gov/HumanRights

আমরা কী কাজ করি



ল এনফোর্সমেন্ট ব্যুরো

ল এনফোর্সমেন্ট ব্যুরো (LEB) ঘটনাগুলো তদন্ত করে, লোকজনের জন্য সমাধানের ব্যাপারে আলোচনা করে এবং বিচারের মাধ্যমে ঘটনাগুলোর ফৌজদারি মামলা পরিচালনা করে। কিছু নির্দিষ্ট পরিস্থিতিতে, বিরোধের আরও দ্রুত নিষ্পত্তি করার জন্য LEB জরুরি হস্তক্ষেপও করে থাকে।

বৈষম্যমূলক আচরণের কারণে ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে আর্থিক ক্ষতিপূরণ দেওয়ার, আইন লঙ্ঘনের কারণে জরিমানা করার এবং পুনরায় নিয়োগ, নীতিমালা পরিবর্তন, প্রশিক্ষণ প্রদান ও ন্যায়বিচার পুনর্বহালমূলক পদ্ধতির মতো অতিরিক্ত প্রতিকার গ্রহণের আদেশ দানে কমিশনের ক্ষমতা রয়েছে, যার ফলে সামগ্রিকভাবে কমিউনিটি লাভবান হয়ে থাকে।



কমিউনিটি রিলেশান্স ব্যুরো

কমিউনিটি রিলেশান্স ব্যুরো (CRB) নিউ ইয়র্কবাসীর মধ্যে বোধগম্যতা ও শ্রদ্ধার উপর জোর দেয় এবং বিভিন্ন অনুষ্ঠান, কর্মশালা, কমিউনিটি আউটরিচ এবং স্থানীয় কমিউনিটি-ভিত্তিক প্রতিষ্ঠান, স্কুল, ক্ষুদ্র ব্যবসাপ্রতিষ্ঠান, নির্বাচিত কর্মকর্তা এবং উপাসনালয়ের সাথে অংশীদারিত্বের মাধ্যমে নিউ ইয়র্কবাসীকে তাদের অধিকার ও দায়বদ্ধতা সম্পর্কে শিক্ষাদান করে থাকে। কমিউনিটির উপর যেসকল মানবাধিকার সমস্যাগুলো প্রভাব ফেলে সেগুলো নিয়ে আলোচনা করার জন্য CRB নিয়মিতভাবে টাউন হল ও অনুষ্ঠান আয়োজন করে থাকে। বিরোধভাবাপন্ন ঘটনা ঘটার পরে কমিউনিটিগুলোকে সহায়তা করতে ও সেগুলোতে স্থিতিশীলতা বজায় রাখতে, CRB-র বিশেষায়িত বায়াস রেসপন্স টিম কমিউনিটির সদস্য, স্থানীয় নেতৃস্থানীয় লোকজন এবং নির্বাচিত কর্মকর্তাদেরকে সম্পৃক্ত করে। তরুণ লোকজনের জন্যও CRB-র কর্মসূচি রয়েছে, যা স্কুলে ও তরুণদ্বারা চালিত ও তরুণ্য-কেন্দ্রিক সংস্থার সাথে অংশীদারিত্বের ভিত্তিক পরিচালনা করা যায়। NYC.gov/HumanRights থেকে আরও জানুন।

